

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ শাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৭.২০২১. ৩৬৭

তারিখ: ৩০ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২২ খ্রি.


বিষয়: জনাব মো: মনিরুজ্জামান (১০৭৪৯), সহযোগী অধ্যাপক (প্রফেশনাল ইথিক্স), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুকরণ।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মো: মনিরুজ্জামান (১০৭৪৯), সহযোগী অধ্যাপক (প্রফেশনাল ইথিক্স), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর গত ০৪/০১/২০২১ খ্রি হতে ১৫/০৩/২০২১ খ্রি. পর্যন্ত ৭১ (একাত্তর)দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) বিধি অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) বিধি অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব মো: মনিরুজ্জামান (১০৭৪৯)

সহযোগী অধ্যাপক (প্রফেশনাল ইথিক্স), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর।

স্থায়ী ঠিকানা:

জনাব মো: মনিরুজ্জামান

পিতা- মো: বজলুর রহমান

মাতা- জহরা খাতুন

গ্রাম-কাকমারী, ডাকঘর-বলুহর,

থানা-কোটচাঁদপুর, জেলা- ঝিনাইদহ।

অনুলিপি:


১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগ বিবরণী

জনাব মো: মনিরুজ্জামান (১০৭৪৯), সহযোগী অধ্যাপক (প্রফেশনাল ইথিক্স), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর গত ০৪/০১/২০২১ খ্রি হতে ১৫/০৩/২০২১ খ্রি. পর্যন্ত ৭১ (একাত্তর)দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

জনাব মো: মনিরুজ্জামান (১০৭৪৯), সহযোগী অধ্যাপক (প্রফেশনাল ইথিক্স), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর-এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) বিধি অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


(মোঃ আবু বাকর হুসাইন)
সচিব